- ০৫। সভাপতি প্রকল্পে যে লিফট সরবরাহ করা হবে তার Pre-Shipment Inspection (PSI) সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, জিওবি অর্থায়নে সরকারি কর্মকর্তাদের বিদেশ গমনে অর্থ বিভাগ কর্তৃক নিষেধাজ্ঞা থাকায় উক্ত লিফট এর Pre-Shipment Inspection (PSI) এখনও সম্পন্ন হয়নি। সভাপতি সঠিক মানের লিফট সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প সংশ্লিষ্ট ন্যূনতম সংখ্যক কারিগরি ব্যক্তিদের মাধ্যমে Pre-Shipment Inspection (PSI) সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। বিভাগীয় কমিশনারের একান্ত সচিবের কক্ষ ও ডিআইপি ডাইনিং স্পেস এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনারদের জন্য মিনি কনফারেন্স রুমের বিষয়ে সংশ্লিষ্ট স্থপতিসহ পিডব্লিউডি, জনপ্রশাসন মন্ত্রণালয়, আইএমইডি ও পরিকল্পনা কমিশনকে নিয়ে একটি টিম প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পটির গুণগতমান নিশ্চিত করে প্রকল্পের কাজ সমাপ্ত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট সকলের সম্মতিতে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধির বিষয়ে যথাসময়ে প্রস্তাব প্রেরণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। এছাড়া চলতি অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণভাবে ব্যয় করার উপর গুরুত্ব আরোপ করেন।
- ০৬। সকল বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে সভায় নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:
- ১। গুণগতমান নিশ্চিত করে প্রকল্পটির কাজ সমাপ্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
 - ২। ডিআইপি ডাইনিং স্পেস আরও বৃদ্ধি করা এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও ডিএলজি এর জন্য স্বতন্ত্র মিনি কনফারেন্স এর ব্যবস্থা রাখা এবং বিভাগীয় কমিশনারের একান্ত সচিবের কক্ষ আরও বড় করাসহ একটি ওয়াশরুমের ব্যবস্থা করার বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট স্থপতিসহ পিডব্লিউডি, জনপ্রশাসন মন্ত্রণালয়, আইএমইডি ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সমন্বয়ে একটি টিম কর্তৃক সরেজমিনে সাইট পরিদর্শন করে বিভাগীয় কমিশনারের মতামত গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত প্রদান করবেন;
 - ৩। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
 - ৪। সঠিক মানের লিফট সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে শুধুমাত্র প্রকল্প সংশ্লিষ্ট ন্যূনতম সংখ্যক কারিগরি ব্যক্তিদের সমন্বয়ে Pre-Shipment Inspection (PSI) সম্পন্ন করার জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে;
 - ৫। চলতি অর্থ বৎসরের সংশোধিত ADP বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।
- ০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।









মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "খুলনা বিভাগীয় কমিশনারের নতুন কার্যালয় ভবন এবং অডিটোরিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর:

সভাপতি : মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, রবিবার, বেলা ১১:০০ টায়।

ক্রমং	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১.	মে. বীরেন্দ্র হোসেন - অতিরিক্ত সচিব (সংশ্লিষ্ট শাখা) MMPA	০১৭১৫০১৪৬০	
২.	ড. সফাত হুদা, বিজ্ঞান, ইন্সটিটিউট প্রকৌশল পাশ্চাত্য বিশ্ববিদ্যালয়	০১৭১২০৬২৩৪১	
৩.	সাহাব খোন্দকার অতিরিক্ত সচিব, জনপ্রশাসন	০১৭১৩১০৪৩০০১	
৪.	সুগন্ধিকা গোস্বামী ডি. কে. কে. প্রকল্প পরিচালক ও ভঃ ধঃ গণপূর্ত অফিস, খুলনা	০১৭৭৬৫০২০৬৬ se.kk@pad.gov.bd	
৫.	ডাঃ এ. এ. হুসাইন জঃ সঃ, PHD	০১৪১৭১৩৩১৩৩	
৬.	ফাহিমদা সুলতানা অতিরিক্ত সচিব সংশ্লিষ্ট শাখা	০১৭৭১১৪৫৪৪৫	
৭.	(সি.এ.সি.) সুলতানা হোসেন ইন্সটিটিউট প্রকৌশল পাশ্চাত্য বিশ্ববিদ্যালয়	০১৭১২২২৩৪৭৩	

ক্রঃনং	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
৮.	মোঃহামিদ এম্বিচুৎ বহমান পরিচালক (ইকোচিট) IMED	০১৪১৫৬৪৪৭৪৭	
৯.	মোঃ বাজিদুল আমিন মুখ্য প্রোগ্রামার, বেট ডেভেলপমেন্ট বিভাগ স্বাক্ষর বিভাগ	০১৭১৭০৩০০৪	
১০.	মোঃ আব্দুল ফিরিক মুখ্য প্রোগ্রামার, বিভাগ	০১৭৫৫১১৫২৭০	
১১.	মোঃ মিলুজ মিলুজ মিলুজ প্রোগ্রামার, ডেভেলপমেন্ট মুখ্য	০১৭৭১-০৫২২০১	
১২.	ড. হুমায়ুন কবীর মুখ্য প্রোগ্রামার স্বাক্ষর বিভাগ	০১৭৭৩৩০৬৫৫	
১৩.			
১৪.			
১৫.			
১৬.			
১৭.			

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা-১শাখা
(www.mopa.gov.bd)

‘জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের ১৩তম প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহু উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, বিকাল ৪:০০ টা
সভার স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-‘ক’

২.০ উপস্থাপনা:

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ইতোমধ্যে ২ বার সংশোধন ও ৫ বার ব্যয় বৃদ্ধি স্বত্তিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে দীর্ঘ ১৪ বছর যাবৎ চলমান রয়েছে। প্রকল্পটির ৩য় সংশোধন প্রস্তাবের উপর গত ২৬/০২/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পটির ৩য় সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। অতঃপর তিনি প্রকল্পটির সর্বশেষ আর্থিক ও বাস্তব অগ্রগতি, চলতি ২০২২-২৩ অর্থবছরের এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় এবং প্রকল্প বাস্তবায়ন সমস্যাাদি সভায় উপস্থাপনের জন্য উপ-প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

৩.০ আলোচনা:

৩.১ সভাপতির অনুমোদনক্রমে উপ-প্রকল্প পরিচালক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্পটির বিপরীতে এডিপি বরাদ্দ ৫০০০.০০ লক্ষ টাকা থাকলেও বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে প্রকল্পটি অগ্রাধিকার তালিকায় ‘সি’ ক্যাটাগরিভুক্ত হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে অর্থ বিভাগ হতে প্রকল্পটি অনুকূলে পুনঃবিন্যাসকৃত বরাদ্দ প্রদান করা হয় মাত্র ১০০০.০০ লক্ষ টাকা। ডিসেম্বর, ২০২২ পর্যন্ত প্রকল্পটির অনুকূলে ১ম ও ২য় কিস্তি বাবদ ৫০০.০০ লক্ষ টাকা অবমুক্ত এবং ৪৫০.৪৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অর্থাৎ ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রকল্পটির এডিপি অগ্রগতি ৪৫.০৫%। অন্যদিকে, জুন ২০২২ পর্যন্ত প্রকল্পটির বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৫৫৭৯.২৫ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৫৮১৬.৫৮ লক্ষ টাকার বিপরীতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৬০২৯.৭২ লক্ষ টাকা, যা মোট অনুমোদিত প্রাক্কলনের ৬২.০৯%। প্রকল্প দপ্তর হতে ৩য় ও ৪র্থ কিস্তির অবশিষ্ট ৫০০.০০ লক্ষ টাকা ছাড়করণের অনুরোধ করা হলে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক ২৯/১২/২০২২ তারিখে অর্থ ছাড়ের সম্মতি প্রদান করা হয়। কিন্তু প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ অক্টোবর, ২০০৯ হতে ডিসেম্বর, ২০২২ ইতোমধ্যে শেষ হয়ে যাওয়ায় অর্থ বিভাগ হতে উক্ত অর্থ ছাড়ের চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়নি।

৫

১

৩.২ প্রকল্পের আওতায় নির্মাণাধীন একাডেমিক ভবনের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় নির্মাণাধীন একাডেমিক ভবনের ২টি বেইজমেন্টসহ ১৩তলার ছাদসহ সুইমিংপুল ঢালাইয়ের মাধ্যমে ভবনের সুপারস্ট্রাকচার/ফ্রেম ওয়ার্কের কাজ গত ০১/১১/২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে বিভিন্ন ফ্লোরে মার্বেল, কার্টেন ওয়ালের ফ্রেম, গ্রাস ফিটিং, অভ্যন্তরীণ বৈদ্যুতিক সংযোগ, পানি ও পয়নিষ্কাশন ও স্যানিটারি কাজ, বাউন্ডারি ওয়াল, এসটিপি কাজসহ ফিনিশিং কাজ চলমান রয়েছে। বর্তমানে প্রকল্পের আওতায় নির্মাণাধীন একাডেমিক ভবন নির্মাণ কাজের অগ্রগতি প্রায় ৯০% হলেও নির্মাণাধীন অবকাঠামোকে ব্যবহার উপযোগী করতে প্রয়োজনীয় যানবাহন, আসবাবপত্র, ইলেকট্রনিক ও কম্পিউটার আইটেমসহ অন্যান্য পন্য সংগ্রহের কাজ বাকী রয়েছে। এছাড়াও পূর্ত কাজের আওতায় পাম্প হাউজ নির্মাণসহ গভীর নলকূপ স্থাপন, গ্যাস প্লান্ট স্থাপন, সুইমিংপুল ট্রাস ও টাইলস, এ্যালুমিনিয়াম সহ অন্যান্য কাজ, অডিটোরিয়াম একোস্টিক ওয়ার্ক, ইনটেরিয়র ওয়ার্কসহ অন্যান্য কাজ, সুইমিংপুল ইলেকট্রো-মেকানিক্যাল ওয়ার্কস, ফোর্স ভেন্টিলেশন সিস্টেম, কনফারেন্স এবং সেমিনার হলের স্পেশাল লাইট ফিটিংস ও সাউন্ড সিস্টেম কাজ, অডিটোরিয়াম হলের প্রোজেকশন লাইটিং, স্টেজ লাইটিং ও স্পেশাল সাউন্ড সিস্টেম কাজ বাকী রয়েছে।

৩.৩ সভাপতি মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে উপ-প্রকল্প পরিচালক প্রকল্পের ৩য় সংশোধনের কারণ ও প্রস্তাবিত ব্যয় সম্পর্কে সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি দ্রুত সম্পন্নের লক্ষ্যে অত্যাবশ্যকীয় প্রয়োজনীয় অংশ বিবেচনাপূর্বক প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপি'র ব্যয় প্রাক্কলন করা হয় ২৩৭৩৮.০০ লক্ষ টাকা, যা ২য় সংশোধিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের তুলনায় ২০৭৮.৫৮ লক্ষ টাকা বা ৮.০৫% কম। প্রকল্প সংশোধনের কারণ প্রসঙ্গে তিনি সভাকে অবহিত করেন যে, রাজস্ব খাতে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ বাবদ সংস্থানকৃত ৪০০৩.০০ লক্ষ টাকার মধ্যে ইতোমধ্যে ব্যয়িত অর্থ ৭০৯.৪২ লক্ষ টাকা বাদ দিয়ে ৩২৯৩.৫৮ লক্ষ টাকা ব্যয় হ্রাসের প্রস্তাব করা হয়। অন্যদিকে বাস্তবতার নিরিখে মোটরযান ও বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে ব্যয় হ্রাস, কম্পিউটার ও আনুসঙ্গিক এবং আসবাবপত্র খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়। আসবাবপত্র, কম্পিউটার ও বৈদ্যুতিক সরঞ্জামাদির পরিমাণ বিবেচনার ক্ষেত্রে ভবনটি আপাতত ১৫০ জন প্রশিক্ষণার্থীদের জন্য ব্যবহার উপযোগী করতে একাডেমিক ভবনের নীচতলার অভ্যর্থনা ও লবি, ৪র্থ তলা, ৫ম তলা, গ্যাঞ্জুইজ ও কম্পিউটার ল্যাবসহ ৭ম তলার শতভাগ রুম, ৮ম তলার আংশিক (৬টি রুম) এবং ১১, ১২ ও ১৩তম তলা আবাসিক ফ্লোরের আসবাবপত্র ও আনুসঙ্গিক সরঞ্জামাদি বিবেচনা করা হয়েছে। প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপিতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ব্যয় প্রাক্কলন প্রসঙ্গে গণপূর্ত অধিদপ্তর সভাকে অবহিত করতে পারেন মর্মে তিনি উল্লেখ করেন।

৩.৪ এ প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বাস্তবতার নিরিখে ভবন নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের চলমান কাজে দরপত্রভূক্ত আইটেমের ইতোমধ্যে সম্পন্নকৃত ও ভবিষ্যতে সম্পাদিতব্য কাজের প্রকৃত হিসাব করে আইটেমভিত্তিক কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধিজানিত কারণে চুক্তিমূল্য ১৫৭৯৭.৪০ লক্ষ টাকার পরিবর্তে ৩৯৭.৪০ লক্ষ টাকা হ্রাস করে ১৫৪০০.০০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। তিনি সভাকে আরও জানান যে, ভবনটি সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ একাডেমি হিসেবে ব্যবহার করা হবে বিধায় সর্বাধুনিক মান

অন্যান্য নুমের জানালা দুৱাজার ফিটিংস এবং আধুনিক ও পরিবেশ বান্ধব ইলেকট্রো-মেকানিক্যাল আইটেম অন্তর্ভুক্ত করার বেষ কিছু নতুন আইটেম অন্তর্ভুক্ত করা হয়েছে, যা চলমান কাজের দরপত্রে অন্তর্ভুক্ত ছিল না। বাস্তবতার নিরিখে দরপত্রভুক্ত কাজের আওতায় সম্পাদিত ও সম্পাদিতব্য প্রকৃত পরিমানের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন এবং ভবনটিকে আধুনিক ও পরিবেশ বান্ধব করতে নন-টেন্ডার আইটেম অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে প্রকল্পের প্রস্তাবিত ৩য় সংশোধনের যৌক্তিকতা রয়েছে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৩.৫ উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান 'Vernacular Consultants Ltd' এর চুক্তি সংশোধন ও বকেয়া বিল পরিশোধের বিষয়ে গত ০৮/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত ১০ম প্রকল্প স্ট্রয়ারিং কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের শ্রেঙ্কিতে গঠিত কারিগরি কমিটির প্রতিবেদন গত ১৯/১২/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। 'Vernacular Consultants Ltd' এর সাথে অমিমাংসিত বিষয় নিষ্পত্তির লক্ষ্যে সিদ্ধান্ত প্রয়োজন মর্মে মত প্রকাশ করলে উল্লিখিত বিষয়ে কারিগরি কমিটি কর্তৃক শ্রেঙ্কিত প্রতিবেদনটি পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করা হয়।

৩.৬ প্রকল্পের আওতায় জনবল প্রসঙ্গে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, জানুয়ারি, ২০২৩ মাস হতে প্রকল্পটির প্রকল্প পরিচালক পদ শূন্য রয়েছে। প্রকল্পটির জন্য দ্রুত প্রকল্প পরিচালক পদায়ন করা প্রয়োজন বলে মত প্রকাশ করলে সভায় প্রকল্পটির জন্য প্রকল্প পরিচালক পদায়নের বিষয়ে সহমত পোষণ করা হয়।

৩.৭ যুগ্ম-সচিব (উন্নয়ন), সভায় উল্লেখ করেন যে, গণপূর্ত অধিদপ্তরের অভিরিক্ত প্রধান প্রকৌশলী নির্মাণাধীন একাডেমিক ভবনটিকে ফাংশনাল করতে ভবনের সামনের সড়কটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাধ্যমে দ্রুত সম্পন্নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে গত ২৬/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় মত প্রকাশ করেন। এ বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৪.০ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

৪.১ গত ২৬/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত প্রস্তাবিত ৩য় সংশোধিত ডিপিপি পুনর্গঠন করতে হবে।

৪.২ প্রকল্পের আওতায় চলমান নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতপূর্বক নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন কাজ সম্পন্ন করতে গণপূর্ত অধিদপ্তর ও প্রকল্প দপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।


৪.৩ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ভবনের সামনের রাস্তা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাধ্যমে সম্পন্ন করতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ জানাতে হবে। এজন্য গণপূর্ত অধিদপ্তর রাস্তার নকশাসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রকল্প দপ্তরে সরবরাহ করবে।

৪.৪ প্রকল্পের আওতায় অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় একজন প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) পদে কর্মকর্তা পদায়ন করতে হবে এবং

৪.৬ প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান 'Vernacular Consultants Ltd' এর চুক্তি সংশোধন, মেয়াদকাল বৃদ্ধি ও বিল প্রদানের বিষয়ে গত ০৮/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত ১০ম প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক গঠিত কারিগরি কমিটির প্রতিবেদনটি পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।

৫.০। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় “জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের
স্টিয়ারিং কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর:

সভাপতি : মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, রবিবার, বিকাল: ৪:০০ টায়।

ক্রঃনং	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১.	মোঃ মুজিবুল হক অতিরিক্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত) MPPA	০১৭ ১৫০০৪৬০	
২.	সাইফুল হক অতিরিক্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত)	০১৭ ১৫ ১০৪ ১০০	
৩.	ডঃ মুহাম্মদ হুমায়ূন অতিরিক্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত)	০২১৭৭৩৩০৬২৭	
৪.	ডঃ মোহাম্মদ হুমায়ূন অতিরিক্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত)	০২৭৫৫১১০২৭০	
৫.	শীলাব্রত বসু উপসচিব	SJID, অতিরিক্ত সচিব বাহিনী	
৬.	মোঃ মুজিবুল হক DPD, ENADA Project	০১৩০১৩২০১৬৭ engrmumit@gmail.com	
৭.	মোঃ মোস্তাফিজুর রহমান উপসচিব মন্ত্রণালয়	০১৭১২২৩৩৪৭৭ mazedar22@gmail.com	

ক্র.সং.	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১.	কোম্পানীর এগ্রেজিভিভূঃ হুমায়ূন সিটিচালার (উল্লেখিত) IDIED	০১৪১৫৬৭৪৭৪৭	
২.	স্বাক্ষরিতঃ ডঃ আব্দুল কাদের সচিব সাক্ষরকারী স্বাক্ষরিতঃ (স্বাক্ষর, চাপ)	০১৭৫০০৫৬৭৩০	স্বাক্ষর ০৫/৩/২৩
১০.			
১১.			
১২.			
১৩.			
১৪.			
১৫.			
১৬.			
১৭.			

"Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Course- (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্ট্রিমিং কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, বেলা ৩.৩০টা
সভার স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (জবন ২, ৪র্থ তলা)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভায় জানান যে, বর্ণিত প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ৪৭৭১.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুসারে হোষ্টেল কক্ষ, ০৫টি শ্রেণিকক্ষ, মান্টিপারলাপ হলি এবং লিভিং স্যালেন্টসমূহের সংস্কার এবং ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া, ক্যান্টিন সংস্কারের কাজ ৭০% সম্পন্ন হয়েছে। এছাড়া, প্রকল্পটির আওতায় সরকারের উপসচিব হতে অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাগণের সমস্ভতা বৃদ্ধির লক্ষ্যে ০৩টি কোম্পানিতে মোট ১৪টি ব্যাচের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রয়েছে। এর মধ্যে ১৩টি ব্যাচের অভ্যন্তরীণ প্রশিক্ষণ অংশ সমাপ্ত হয়েছে; অবশিষ্ট ০১টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ শীঘ্রই সমাপ্ত হবে। বৈদেশিক প্রশিক্ষণ অংশে ০২টি ব্যাচের বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১২টি ব্যাচের বৈদেশিক প্রশিক্ষণ মে ২০১৩ এর মধ্যে আয়োজনের প্রস্তুতি থাকলেও বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে অর্থবিভাগের প্রজ্ঞাপন অনুসারে উক্ত কার্যক্রম স্থগিত রয়েছে। বিদেশী প্রতিষ্ঠানসমূহের সাথে নতুনভাবে চুক্তি সম্পাদন করে অবশিষ্ট ব্যাচসমূহের বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করা প্রকল্প মেয়াদের মধ্যে সম্ভব হবে না। কিন্তু অনুমোদিত ডিপিপি অনুযায়ী যে সকল প্রশিক্ষণার্থী অভ্যন্তরীণ প্রশিক্ষণ সমাপ্ত করেছেন তাদের প্রশিক্ষণ সম্পূর্ণ করার জন্য বৈদেশিক প্রশিক্ষণ অংশটি সম্পন্ন করা প্রয়োজন। এমতাবস্থায়, তিনি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করেন।

২। যুগ্মসচিব (উন্নয়ন) সভায় বলেন যে, বর্ণিত প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অর্থ বিভাগের প্রদত্ত ব্যয়সীমা ১৮৫২.৫০ লক্ষ টাকা। তন্মধ্যে, নভেম্বর ২০২২ পর্যন্ত অর্থ ছাড় করা হয়েছে ৯২৬.২৫ লক্ষ টাকা। সে অনুযায়ী সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৯২৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র বরাদ্দের ব্যবহার নিশ্চিত করার জন্য সীমিত পর্যায়ে হলেও বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন যে, চলতি অর্থবছর শেষে প্রকল্পটির শুধুমাত্র বৈদেশিক প্রশিক্ষণের কার্যক্রম অবশিষ্ট থাকবে বিধায় প্রকল্পটির মেয়াদ বায় বৃদ্ধি বাতিরেকে পর্বে ০১ বছর বৃদ্ধি করা যেতে পারে।

৩। অর্থবিভাগের অতিরিক্ত সচিব বলেন যে, বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে বৈদেশিক মুদ্রার ব্যবহারের উপর চাপ কমাতে অর্থবিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে বিদেশ ভ্রমণ স্থগিত রয়েছে। তবে অর্থবিভাগের সম্মতি সাপেক্ষে ও

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে জনপ্রশাসন মহাপাঠ্য প্রচেষ্টা গ্রহণ করতে পারে। পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের উপপ্রধান পরিপত্র অনুসরণ করে প্রকল্পটির মেয়াদ ০১ বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন।

৪। সভাপতি প্রকল্পটির আওতায় ক্যান্টিন সংস্কার কাজ যথাসময়ে সম্পন্ন নির্দেশনা দেন। অবশিষ্ট অভ্যন্তরীণ প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করতে জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্নের লক্ষ্যে প্রকল্পটির মেয়াদ বায় বৃদ্ধি ব্যতিরেকে আরও ০১ বছর বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। এছাড়া, ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ সম্পূর্ণ করার লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণ অংশটি পুনরায় আয়োজনের প্রচেষ্টা গ্রহণের জন্য নির্দেশনা ব্যক্ত করেন।

৫। সকল বিষয়ে বিস্তারিত আলোচনামে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


(ক) অবশিষ্ট অভ্যন্তরীণ প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করতে হবে;

(খ) ক্যান্টিনের সংস্কার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে;

(গ) প্রকল্পটির মেয়াদ আরও ০১ বছর বৃদ্ধি করে জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ এর পরিবর্তে জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ পর্যন্ত নির্ধারণের প্রস্তাব জনপ্রশাসন মহাপাঠ্যে প্রেরণ করতে হবে; এবং

(ঘ) ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ সম্পূর্ণ করার লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণ অংশটি পুনরায় আয়োজনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মাসুদ হোসেন
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা কোষ - ৩
(www.mopa.gov.bd)



জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বিয়ার ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নধীন "Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Course (1st Revised)"-
শীর্ষক প্রকল্পের বিষয়ে প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থিত সদস্যদের তালিকা

সভাপতি : মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

সভার তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, বেলা ৩.৩০ টায়

সভার স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ডবল ২, ৪র্থ তলা)

ক্র.ন	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
১.	ডা. নবীুল হক আইডিবিআই সচিব (প্রোগ্রামিং) আইডিবিআই সচিব/৩	০১৭১৪৪৪৪৬০	
২.	ডা. মোহাম্মদ আইডিবিআই সচিব/৩	০১৭১৪৪৪৬০	
৩.	ডা. আব্দুল মান্নান এক্সিকিউটিভ অফিসার	০১৭১১৭৩৬৬	
৪.	ডা. মাহমুদুল হাসিনা সিনিয়র সচিব, আইডিবিআই	০১৭১১৬১১২৭	
৫.	ডা. মোহাম্মদ হুমায়ূন সিনিয়র সচিব, আইডিবিআই	০১৭১১২৩৩৬৬	
৬.	ডা. মোহাম্মদ হুমায়ূন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	০১৭১২০৬২৩৪	
৭.	ডা. মোহাম্মদ হুমায়ূন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	০১৭১১৬০২৬৬	
৮.	ডা. মোহাম্মদ হুমায়ূন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	০১৭১২২৭৩৪	

ক্র.ন	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
৯.	সুলতানুল কবীর জেনারেল	SEID সুলতানুল কবীর ০১৮১৬৭৭৯৯৭	
১০.	ডোঃ হফিজুল আলম মুখ্য প্রধান, পরিচালনা কমিটি	০১৭১১৭০৩০০৮	
১১.	মোহাম্মদ মাহিউদ্দীন রহমান পরিচালক (উপসচিব IMED)	০১৮১৫৬৪৮৮৭	
১২.	খানমিয়া পারভীন মুখ্য সচিব, ইআসটি	০১৭১১৪৩০৬৬২	
১৩.			
১৪.			
১৫.			
১৬.			
১৭.			
১৮.			
১৯.			

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা ও শাখা
(www.mopa.gov.bd)

“বিজি প্রেসের মুদ্রণকার্য সম্পাদনার্থে বাই কালার সর্বাধুনিক স্বয়ংক্রিয় পারফেক্টিং মুদ্রণ যন্ত্র, সিটিপি মেশিন, স্টিচিং মেশিন, কাটিং মেশিন স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, বেলা ৪.৩০টা
সভার স্থান : সম্মেলনকক্ষ (ভবন ০২ ৪র্থ তলা), জনপ্রশাসন মন্ত্রণালয়

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভায় জানান যে, বর্ণিত প্রকল্পের অনুমোদিত ব্যয় ২৯৯৭.৯০ লক্ষ টাকা এবং মেয়াদ জানুয়ারি ২০১৮ হতে মার্চ ২০২৩ পর্যন্ত। প্রকল্পের মূল কার্যক্রম হলোঃ বিজি প্রেসের সক্ষমতা বৃদ্ধির জন্য ০৫টি বাইকালার পারফেক্টিং মুদ্রণ যন্ত্র, ০২টি সিটিপি মেশিন, ০২টি স্টিচিং মেশিন এবং ০৩টি কাটিং মেশিন ক্রয়। এর মধ্যে ০২টি সিটিপি মেশিন ও ২টি স্টিচিং মেশিন ইতোমধ্যে বিজি প্রেসে এসে পৌঁছেছে। এছাড়া, ০৩টি কাটিং মেশিন চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। অবশিষ্ট ০৫টি বাই-কালার স্বয়ংক্রিয় পারফেক্টিং মুদ্রণ যন্ত্রের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন করার জন্য বৈদেশিক ভ্রমণের অনুমোদন চেয়ে ০৭ নভেম্বর ২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। বৈদেশিক ভ্রমণের প্রস্তাবটি বর্তমানে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুমোদনের জন্য অপেক্ষাধীন। সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান হতে উক্ত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন দ্রুত করার জন্য অনুরোধ করা হয়েছে। ইন্সপেকশনের পর মেশিনসমূহ প্যাকিং করে ওয়্যারহাউসে স্থানান্তর এবং জাহাজীকরণ করা হবে। মেশিনসমূহ শিপমেন্ট হওয়ার পর বিজি প্রেসে পৌঁছাতে ১ হতে ১.৫ মাস সময় লাগবে। অতঃপর মেশিন স্থাপন, পরীক্ষণ, অপারেটরদের প্রশিক্ষণ এবং স্থানীয় এজেন্টদের কমিশন প্রদানের জন্য আরও ১ হতে ১.৫ মাস সময় লাগবে। কাজেই অনুমোদিত মেয়াদ অর্থাৎ মার্চ ২০২৩ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হবে না। এজন্য প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ আরও ০৩ মাস বৃদ্ধি করে জুন ২০২৩ পর্যন্ত বর্ধিত করা প্রয়োজন মর্মে তিনি মত প্রকাশ করেন।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) বলেন যে, বর্ণিত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি-তে ৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। অনুমোদিত মেয়াদ অনুযায়ী প্রকল্পটি ২০২২-২৩ অর্থবছরে সমাপ্ত হবে বিধায় ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রকল্পটির জন্য কোন বরাদ্দ চাহিদা প্রস্তাব করা হয়নি। এ পরিপ্রেক্ষিতে প্রকল্পটি জুন ২০২৩ এর মধ্যে আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে। অবশিষ্ট ০৫টি বাই-কালার মেশিনের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন দ্রুত সম্পন্ন করার জন্য বৈদেশিক ভ্রমণের প্রস্তাবে অনুমোদন গ্রহণের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে যোগাযোগ করা হবে। তিনি উক্ত মেশিনগুলির যথাযথ কমিশনিংয়ের জন্য প্রকল্পটির মেয়াদ আরও ০৩ মাস বৃদ্ধির প্রস্তাবে একমত পোষণ করেন।

৩। অর্থবিভাগের অতিরিক্ত সচিব বলেন যে, বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে বৈদেশিক মুদ্রার ব্যবহারের উপর চাপ কমাতে অর্থবিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে বিদেশ ভ্রমণ স্থগিত রয়েছে। তবে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের ব্যয়ভার ঠিকাদার কর্তৃক বহন করা হবে বিধায় অর্থবিভাগের সম্মতি সাপেক্ষে শুধুমাত্র প্রকল্প সংশ্লিষ্ট ও কারিগরি আনসম্পন্ন ব্যক্তিদের


সমন্বয়ে গঠিত ছোট আকারের টিম ইন্সপেকশনের জন্য প্রেরণ করা যেতে পারে। বাস্তবায়ন পরিদীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) প্রতিনিধি বলেন যে, প্রকল্পটির অনুমোদিত মেয়াদ মার্চ ২০২৩ এ সমাপ্ত হবে। পুনরায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে অনতিবিলম্বে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আইএমইডি ও পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াকরণের জন্য প্রেরণ করতে হবে। তিনি মেশিনগুলির কমিশনিং এবং অপারেটরদের প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করার তাগিদ দেন। তিনি মেশিনগুলির গুণগতমান যথাযথভাবে পরীক্ষার মাধ্যমে সরবরাহকারীদের নিকট হতে গ্রহণ করে বরাদ্দকৃত অর্ধের উত্তম ব্যবহার নিশ্চিত করার পরামর্শ দেন।

৪। সভাপতি বলেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় মেশিনগুলি ক্রয় করা হলে বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়ের কর্মক্ষমতা বৃদ্ধি পাবে। মেশিনগুলি দ্রুত কমিশনিং এবং অপারেটরদের যথাযথ প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য তিনি নির্দেশনা দেন। তিনি উল্লেখ করেন যে, বৈদেশিক মুদ্রা ব্যবহারের চাপ কমাতে বর্তমানে বিদেশ ভ্রমণ স্থগিত করা হয়েছে। কিন্তু, আলোচ্য প্রকল্পের আওতায় মেশিনগুলির ইন্সপেকশনের ব্যয়ভার সরবরাহকারীগণ কর্তৃক বহন করা হবে মর্মে চুক্তিতে উল্লেখ রয়েছে। এছাড়া, মেশিনের গুণগতমান নিশ্চিত হওয়ার জন্য যথাযথ ইন্সপেকশন হওয়া জরুরি। এ পরিপ্রেক্ষিতে জাহাজীকরণের জন্য অপেক্ষমান ০৫টি বাই-কালার মেশিনের গুণগত মান নিশ্চিত করার জন্য অর্থবিভাগের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। তবে এক্ষেত্রে শুধুমাত্র প্রকল্প সংশ্লিষ্ট ও কারিগরী জ্ঞানসম্পন্ন লোকদের সমন্বয়ে ছোট আকারের টিম দিয়ে ইন্সপেকশন কাজ সম্পাদন করতে হবে। তিনি প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের প্রস্তাব দ্রুত অনুমোদন প্রক্রিয়াকরণের প্রধানমন্ত্রীর কার্যালয়ে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন।

৫। সকল বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) বয় ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ০৩ মাস বৃদ্ধি করে জানুয়ারি ২০১৮ হতে মার্চ ২০২৩ এর স্থলে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত নির্ধারণের প্রস্তাব অনতিবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (খ) সরবরাহকারীদের নিকট হতে ০৫টি বাই কালার মেশিন গ্রহণের পূর্বে মান নিশ্চিত করার লক্ষ্যে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন টিম প্রেরণের প্রস্তাব দ্রুত অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে যোগাযোগ করতে হবে। ইন্সপেকশন টিমে শুধুমাত্র আলোচ্য প্রকল্প সংশ্লিষ্ট ও কারিগরী জ্ঞানসম্পন্ন সদস্য রাখতে হবে; এবং
- (গ) প্রকল্পের আওতায় সংগ্রহের জন্য চুক্তিবদ্ধ সকল মেশিন দ্রুত কমিশনিং এবং অপারেটরদের যথাযথ প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব







গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা - ৩ শাখা
(www.mopa.gov.bd)

পরিচিতি - বা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) কর্তৃক বাস্তবায়নধীন “বিজি প্রেসের মুদ্রণকার্য সম্পাদনার্থে বাই কালার সর্বাধুনিক স্বয়ংক্রিয় পরফেক্টিং মুদ্রণ যন্ত্র, সিটিপি মেশিন, স্টিচিং মেশিন, কাটিং মেশিন স্থাপন (১ম ধংশোদ্ভিত)” শীর্ষক প্রকল্প

সভাপতি : মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২৩, বেলা ৪.৩০ টা
সভার স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন ২, ৪র্থ তলা)

ক্রম	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
১	শ্রী: রশীদুল ইসলাম - এক্সিকিউটিভ ম্যানেজিং ডায়রেক্টর	০১৭১৫০০৫৫৬১	
২	সহকারী - (সেবা/সেবা) আইসিটি, এনআইসি, এনআইসি	০১৭০৬১০৪১০০	
৩	ড. সুলতানুল হক সরকার মুদ্রণালয় (সিনিয়র) মুদ্রণ শাখা	০১৭১২০২২৫৫১	
৪	এ. এ. এম. সাদিকুল হক সহকারী ম্যানেজিং, এনআইসি ও পরিকল্পনা অধিদপ্তর	০১৭১৫১৩৫০০০	
৫	মোহাম্মদ হুমায়ুন হোসেন সিনিয়র ম্যানেজিং	০১৭১৪-২৭০৭৫৪ ismail79dm@ yuboo.com	
৬	ড. সুলতানুল হক সহকারী ম্যানেজিং পরিকল্পনা অধিদপ্তর	০১৭৭২৩৩০৫৫৫	
৭	শ্রী: রশীদুল ইসলাম মুদ্রণ শাখা, এনআইসি অধিদপ্তর	০১৭১৭০৩০০৪	

ক্রম	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
৮	আব্দুল হামিদ আলী স্বাস্থ্যকর্মী (উপস্থাপক) IMED	০১৮১৫৪৪৮৭৮৭	 ০৫/১০/২০২৩
৯	(মোঃ) মাহিনা ইসলাম উপস্থাপক স্বাস্থ্যকর্মী	০১৭১২৮৩৩৮৩	
১০	সুলতানা বসুন্ধরা উপস্থাপক স্বাস্থ্যকর্মী	০১৮১৫৭৭৮৮৭	
১১			
১২			
১৩			
১৪			
১৫			
১৬			
১৭			
১৮			

১০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mopa.gov.bd

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নায়ী “সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ” (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের টিমারিং কমিটির ষষ্ঠ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

সভার স্থান : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভা কক্ষ

তারিখ ও সময় : ০৫/০৩/২০২৩ সময়ঃ ২:৩০ মিনিট

সদস্যবৃন্দের হাজিরা : পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার প্রারম্ভে ‘সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ’ শীর্ষক প্রকল্পের গত ১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত Steering Committee- এর ৫ম সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী বা আপত্তি না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি অধ্যাকার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভার কার্যপত্রের বিষয়সমূহ বিজ্ঞপিত ভাবে উপস্থাপন করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে ও সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	(২)	(৩)	(৪)
১।	নির্বাহী প্রকৌশলী, মেডিক্যাল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা সভাকে অবহিত করেন যে, পুরাতন লালভবন অপসারণের বিষয়ে গণপূর্ত মন্ত্রণালয় হতে এখনো অনুমোদন পাওয়া যায়নি। তবে এ বিষয়ে নথি উপস্থাপিত হয়েছে। হাসপাতালের নতুন ভবনের ষষ্ঠ ও সপ্তম তলার সিভিল ও ইলেকট্রিক্যাল কাজ প্রায় শেষ এবং এ মাসের ১০ তারিখের মধ্যে ব্যবহারের উপযোগী হবে। সভাপতি পুরাতন ভবন দ্রুত অপসারণের নির্দেশনা প্রদান করেন।	(ক) পুরাতন ভবনের সুবিধাদি নতুন ভবনের ষষ্ঠ ও সপ্তম তলায় ১০/০৩/২৩ তারিখের মধ্যে স্থানান্তর করতে হবে। (খ) পুরাতন ভবন দ্রুত অপসারণের কাজ সম্পন্ন করতে হবে।	১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর। ২। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল।
২।	নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-৪ গণপূর্ত অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ইলেকট্রিক্যাল মালামালের মধ্যে লিফট ও এয়ারকন্ডিশনার মে/২৩ এর মধ্যে প্রকল্প সাইটে এসে পৌঁছবে মর্মে আশা করা হচ্ছে। সে ক্ষেত্রে আগস্ট/২৩ এর মধ্যে ইলেকট্রিক্যাল কাজ প্রায় শেষ হবে। তিনি আরো জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদুল্লাহ হলের পাশে অবস্থিত সাব স্টেশন হতে ডিপিডিসি'র Dedicated লাইনের সংযোগ পাওয়ার জন্য ইতোমধ্যে প্রয়োজনীয় ফী পরিশোধ করা হয়েছে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় রাস্তা কাটার অনুমতির নিমিত্ত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অনুমতি পেলেই কাজ শুরু করা হবে।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে দ্রুত অনুমতি নিয়ে ডিপিডিসি'র Dedicated লাইনের সাথে সংযোগ স্থাপনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

৩।	টাইলস/মার্বেল/গ্রানাইট - নির্বাচনের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, মেডিক্যাল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়, হাসপাতাল কর্তৃপক্ষ ও স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নির্বাচিত বিদেশি টাইলস দ্বারা ষষ্ঠ ও সপ্তম তলার কাজ চলছে। তবে ম্যাট ফিনিশড টাইলস এর সংগ্রহ কম হওয়ায় কাজ অব্যাহত রাখার স্বার্থে নতুন একটি ম্যাট ফিনিশড টাইলসের এবং একটি মিরর ফিনিশড টাইলসের নমুনা নির্বাচন করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কাজ অব্যাহত রাখার স্বার্থে নতুন একটি বিদেশি ম্যাট ফিনিশড টাইলসের এবং বিদেশি মিরর ফিনিশড টাইলসের নমুনা দুত নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান প্রকৌশলীর প্রতিনিধি কর্তৃক সরকারি কর্মচারী হাসপাতালের প্রতিনিধির উপস্থিতিতে মান নিয়ন্ত্রণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর। ২। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল। ৩। নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।
৪।	পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল জানান যে, পুরাতন ভবন অপসারণ করার পূর্বে উক্ত ভবনে থাকা মালামাল নতুন ভবনে স্থানান্তর করতে হলে শ্রমিক মজুরি প্রয়োজন। প্রকল্প পরিচালক জানান যে, শ্রমিক মজুরি কোড ডিপিপিতে না থাকায় শ্রমিক মজুরি দ্বারা মালামাল নতুন ভবনে স্থানান্তর করা যাচ্ছে না। এ ছাড়া এ অংশটি ডিপিপিতে না থাকায় এ খাতে ব্যয় অনিয়মিত হিসাবে চিহ্নিত হতে পারে। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করলে এ খাতে কোড উন্মুক্ত ও অর্থ পুনঃ উপযোজন করা যাবে।	শ্রমিক মজুরি কোড ডিপিপিতে না থাকায় এ খাতে কোড উন্মুক্ত ও অর্থ পুনঃ উপযোজন করার প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১। প্রকল্প পরিচালক, "সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্প ২। যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা) জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫।	হাসপাতালের জনবল কাঠামো অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত আছে মর্মে পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল সভাকে অবহিত করেন। সভাপতি জানান যে, পূর্ববর্তী মন্ত্রিপরিষদ সভার সূচীতে থাকলেও সময়ের স্বল্পতায় উপস্থাপিত হয়নি। আগামী সভায় উপস্থাপিত হতে পারে।	মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	১। অতিরিক্ত সচিব (সওদ্য) অনুবিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয় ২। পরিচালক, "সরকারি কর্মচারী হাসপাতাল ৩। যুগ্মসচিব (উন্নয়ন) জনপ্রশাসন মন্ত্রণালয় ৪। যুগ্মসচিব (কল্যাণ অধিশাখা) জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬।	সভাপতি জানান যে, প্রকল্পটি সেপ্টেম্বর/২৩ উদ্বোধন করার নিমিত্ত সময়সীমার লক্ষ্যমাত্রা সামনে রেখে সকল অংশের কাজ একসাথে চলমান রাখতে হবে।	প্রকল্পের সকল অংশের কাজ একসাথে চলমান রেখে লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন করতে হবে।	১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর। ২। প্রকল্প পরিচালক, "সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্প

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)

তারিখ: ১৪/০৩/২০২৩

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

স্মারক নম্বর ০৫.০০.০০০০.২৪১.১৪.০০২.১৯-৪৩


০২ চৈত্র ১৪২৯

তারিখ:-----

১৬ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে ই-বাংলা নগর;
- ৩। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন;
- ৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন;
- ৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন;
- ৬। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৭। প্রধান প্রকৌশলী, গনপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
- ৮। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
- ৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গনপূর্ত প্রকল্প সার্কেল-১, ঢাকা;
- ১০। যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ;
- ১১। যুগ্মসচিব (পরিকল্পনা), জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ১২। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা;
- ১৩। যুগ্মসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ১৪। প্রকল্প পরিচালক, "সরকারি কর্মচারী হাসপাতালকে ৫০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্প;
- ১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মো: মাহবুবুর রহমান)
উপসচিব

क्र.सं.	व्यक्ति का नाम, पता, जन्म तिथि	पता	व्यक्ति का पता	दिनांक
01				
02	श्री. राजेश कुमार शर्मा पता: 123, 4th Street, New Delhi	123456789		
03	श्री. अमित कुमार शर्मा पता: 456, 7th Street, New Delhi	987654321		5-9-20
04	श्री. प्रमोद कुमार शर्मा पता: 789, 8th Street, New Delhi	135792468	SE-PW POD. 12345	5-9-20
05	श्री. विवेक कुमार शर्मा पता: 101, 9th Street, New Delhi	246813579	Kamranandagat	5-9-20

জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালনা-২ শাখা
www.mopa.gov.bd

বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ-২য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	লুৎফুন নাহার বেগম অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি, ২০২৩, রবিবার
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	অতিরিক্ত সচিব মহোদয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১২, ভবন নং-১ বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'-তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণের লক্ষ্য নিয়ে আলোচ্য প্রকল্পটি জানুয়ারি, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২৫ মেয়াদে পরিচালিত হচ্ছে। তিনি সভাকে জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ৬৫৬৯.০০ (পঁয়ষট্টি কোটি ঊনসত্তর লক্ষ) লক্ষ টাকা বরাদ্দ ছিল। সংশোধিত এডিপিতে ৩৫২.০০ (তিন কোটি বায়ান্ন লক্ষ) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।


২. সভায় উল্লেখ করা হয় যে, অর্থ বিভাগের জারিকৃত ০৯ নভেম্বর, ২০২২ তারিখের নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৩৯ সংখ্যক পত্রানুযায়ী সরকারি অর্থে সকল পর্যায়ের কর্মকর্তাদের সকল প্রকার উচ্চশিক্ষা ও বিদেশ প্রশিক্ষণ বন্ধ রয়েছে। গত ২৬.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরে সরকারের সিনিয়র সচিব/সচিবগণের রিফ্রেশার কোর্স ও বৈদেশিক মাস্টার্স ফেলোশীপ চালু রাখার বিষয়ে অনুমতি প্রদানের জন্য গত ২৭.১২.২০২২ তারিখে অর্থ বিভাগ বরাবর পত্রমারফত অনুরোধ জানানো হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে এখনো অনুমতি/মতামত পাওয়া যায়নি। এ বিষয়ে অদ্যকার সভায় আলোচনা করা হয়।

৩. সভায় আলোচ্য বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১. ২০২২-২০২৩ অর্থবছরে রিফ্রেশার কোর্স আয়োজন	অনুমোদিত ২য় সংশোধনীর প্রকল্প দলিল অনুসারে রিফ্রেশার কোর্সের সংখ্যা ৮৯ টি। তন্মধ্যে ক্রমপুঞ্জিত সংখ্যা ৪৪ টি। অবশিষ্ট ৪৫ টি আগামী ৩ বছরে বাস্তবায়ন করা হবে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে সুযোগ সংখ্যা ১৫ টি। প্রতিটি রিফ্রেশার কোর্সের বিপরীতে ব্যয়ের পরিমাণ ২০.০০ লক্ষ টাকা। চলতি অর্থবৎসরে ১৫ টি কোর্সের বিপরীতে ৩০০.০০ (তিন কোটি) লক্ষ বরাদ্দ রয়েছে। সম্প্রতি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৩৯ সংখ্যক পত্রানুযায়ী বর্তমান	অর্থ বিভাগের ০৯.১১.২০২২ তারিখের নির্দেশনা অনুযায়ী বিদেশ ভ্রমণ বন্ধ রয়েছে।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
	<p>বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে জিওবি অর্থায়নে সকল পর্যায়ের কর্মকর্তাদের বিদেশে উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে।</p> <p>সরকারের সিনিয়র সচিব/সচিবগণের রিফ্রেশার কোর্স চালু রাখার বিষয়ে অধ্যকার সভায় আলোচনা করা হয়।</p>	
২. ২০২২-২০২৩ অর্থবছরে বৈদেশিক মাস্টার্স ফেলোশীপ আয়োজনের বিষয়ে আলোচনা	<p>অনুমোদিত ২য় সংশোধিত প্রকল্প দলিল অনুসারে বৈদেশিক মাস্টার্স ফেলোশীপের সংখ্যা ৩৩৩ টি।</p> <p>ক্রমপুঞ্জিত সুযোগ সংখ্যা ২৭৩ টি।</p> <p>আগামী তিন বছরে অবশিষ্ট সুযোগের পরিমাণ ৬০ টি। তার মধ্যে ৩য় বৎসরে মাস্টার্স ফেলোশীপের সুযোগ অন্তর্ভুক্ত রাখা হয়নি। ১ম ও ২য় বছরে ৩০টি হারে মোট ৬০ টি বৈদেশিক মাস্টার্স ফেলোশীপ বাস্তবায়ন করা হবে।</p> <p>প্রতিটি মাস্টার্স ফেলোশীপের বিপরীতে জনপ্রতি ব্যয়ের পরিমাণ ৫০.০০ লক্ষ টাকা।</p> <p>সম্প্রতি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৩৯ সংখ্যক পত্রানুযায়ী বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে জিওবি অর্থায়নে সকল পর্যায়ের কর্মকর্তাদের সকল প্রকার উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে।</p> <p>আলোচ্য ২০২২-২০২৩ অর্থবছরে বৈদেশিক মাস্টার্স ফেলোশীপ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>অর্থ বিভাগের ০৯.১১.২০২২ তারিখের নির্দেশনা অনুযায়ী বিদেশ ভ্রমণ বন্ধ রয়েছে। অর্থ বিভাগের সম্পত্তি না থাকায় চলতি অর্থবছরে বৈদেশিক মাস্টার্স কার্যক্রম আয়োজন করা সম্ভব নয়।</p>

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(লুৎফুন নাহার বেগম)

অতিরিক্ত সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

ও

সভাপতি

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)

উপস্থিতির বিবরণ:

সংস্থের নাম: উপস্থিতি কার্যক্রম কর্মসূচী পেরে সংস্থার পুষ্টি কর্মসূচী বাস্তবায়নে পৌত্রশিক্ষার্থীদের উপস্থিতি
 'পৌত্রশিক্ষা' প্রকল্পের প্রথম বাস্তবায়ন কর্মসূচী (উপস্থিতি) কার্যক্রম

তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিস্টাব্দ, রবিবার, বেলা ১১.০০ ঘটিকা-১১.৩০

ক্রম	উপস্থিত সদস্যদের নাম	পদবি, তদন্তের ও তথ্যসমূহের ক্ষেত্র	স্বাক্ষর
	ড. মল্লিক সুকান্ত কুমার	পুষ্টি কর্মসূচী	
	স্বাক্ষর: [স্বাক্ষর]	স্বাক্ষর: [স্বাক্ষর]	
	ড. মল্লিক সুকান্ত কুমার	পুষ্টি কর্মসূচী	
	স্বাক্ষর: [স্বাক্ষর]	স্বাক্ষর: [স্বাক্ষর]	
	ড. মল্লিক সুকান্ত কুমার	পুষ্টি কর্মসূচী	
	স্বাক্ষর: [স্বাক্ষর]	স্বাক্ষর: [স্বাক্ষর]	

৩.২

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ
হতে চাহিত বিধিগত
মতামত এবং নিয়োগ
বিধি/প্রবিধানমালা প্রণয়ন/
সংশোধন কার্যক্রমকে
আরো ত্বরান্বিতকরণ ও
গতিশীলতা আনয়ন

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিকের
বাস্তবায়ন অগ্রগতি ও প্রমাণকসহ প্রেরণ।

সূত্র: শৃঙ্খলা-৩ শাখার ইউ.ও.নোট নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০২৩.২২-২৭৯ তারিখ: ২৯ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩
এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতি ও প্রমাণক এসাথে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ
করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে প্রতিবেদন ও প্রমাণক।



৫-৪-২০২৩

উপসচিব
শৃঙ্খলা-৩ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়

সোনিয়া হাসান
উপসচিব
ফোন: ৯৫১৪৪৯২
ইমেইল: info@mopa.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.১৬.০১০.২২.৫৮

তারিখ: ২২ চৈত্র ১৪২৯

০৫ এপ্রিল ২০২৩

বিধি-১ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিকের
(জানুয়ারি-মার্চ/২০২৩) অগ্রগতি প্রতিবেদন।

ক্র. নং	কার্যক্রমের নাম	মতামতের সংখ্যা	মোট কার্যদিবস	গড় কার্যদিবস	সিটিজেন চার্টারে প্রস্তাব নিষ্পত্তির লক্ষ্যমাত্রা (কার্যদিবস)	মন্তব্য
১.	বিধিগত মতামত।	৩০	৬৫২	২১.৭৩	২০	প্রমাণক সংযুক্ত
	নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা	০২	৫৯	২৯.৫	৬০	

Overall
8/8/23

বিধি-১ শাখা

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের জাতীয় শুল্কচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য়
ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) প্রমাণকের বিস্তারিত বিবরণ।

০৫। বিধিগত মতামতের বিস্তারিত বিবরণ।

ক্র.নং	বিষয়	স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির তারিখ	মতামত প্রদানের তারিখ	মোট কার্যদিবস	মন্ত্রণালয়/বিভাগ
১.	সৃষ্টিকৃত পদনাম টাইপিষ্ট/কপিষ্ট ও বেক্সক্লার্ক কিবু নিয়োগ বিধিমালায় কপিষ্ট ও বেক্স সহকারী পদনাম অন্তর্ভুক্ত থাকায় নিয়োগ বিধিমালা অনুযায়ী কপিষ্ট ও বেক্স সহকারী নামে উক্ত দু'টি ক্যাটাগরির পদ পূরণ করা যায় কি-না সে বিষয়ে মতামত প্রদান।	২৩/১২/২২	০২/০১/২৩	২৭ দিন	উক্ত কর্মচারী গবেষণা ইউনিট, জনপ্রশাসন মন্ত্রণালয়
২.	'প্রান্তিক ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ প্রকল্প' এবং 'নেত্রকোণা সমন্বিত কৃষি উৎপাদন ও সেচ ব্যবস্থাপনা প্রকল্প এর ০৪(চার) জন কর্মকর্তা/কর্মচারী রাজস্বখাতে আত্মীকরণের প্রেক্ষিতে চাকুরির ধারাবাহিকতা রক্ষার জন্য চাকুরিকাল গণনা ও উন্নয়ন প্রকল্পের প্রাপ্ত বেতন সমন্বয় করে বেতন নির্ধারণ প্রসঙ্গে।	২৯/১২/২২	০৪/০১/২৩	০৪ দিন	কৃষি মন্ত্রণালয়
৩.	"সরকারি প্রতিষ্ঠানে ইন্টারশিপ নীতিমালা, ২০২৩" এর খসড়া সম্পর্কে মতামত প্রদান।	১১/০১/২৩	১২/০১/২৩	০১ দিন	অভ্যন্তরীণ প্রশিক্ষণ- ৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪.	উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীগণ-এর চাকরি স্থায়ীকরণ।	১৪/১২/২২	২২/০১/২৩	২৬ দিন	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৫.	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ ১(এক) বছরের জন্য অপেক্ষমান প্যানেল প্রস্তুতকরণ সংক্রান্ত।	২৬/১২/২২	২৪/০১/২৩	২১ দিন	অর্থ বিভাগ
৬.	৩য় ও ৪র্থ শ্রেণির পদে নিয়োগের ক্ষেত্রে আনসার/ভিডিপি কোটা নির্ধারণে প্রশিক্ষণ সনদ গ্রহণ সংক্রান্ত।	১১/০১/২৩	২৪/০১/২৩	০৯ দিন	খাদ্য মন্ত্রণালয়
৭.	সীটলিপিকার পদের পরিবর্তে ব্যক্তিগত কর্মকর্তা পদে যোগদানপত্র গ্রহণের বিষয়ে বিধিগত মতামত প্রদান সংক্রান্ত।	২০/১১/২২	২৩/০১/২৩	৪৫ দিন	সুরক্ষা সেবা বিভাগ
৮.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্প হতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ।	০৫/০১/২৩	২৪/০১/২৩	১৩ দিন	৩ত্থ ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯.	জনাব মো: জসিবার রহমান ও অন্যান্য কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন ৫১৬১/২০২২ নং মামলার দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।	০৩/০১/২৩	২৪/০১/২৩	১৫ দিন	আইন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

	সভাপতি, বাংলাদেশ ট্যাকসেস (১৭-২০তম গ্রেড) সরকারি কর্মচারি ইউনিয়ন, কেন্দ্রীয় কমিটি, ঢাকা কর্তৃক দাখিলকৃত পদোন্নতির বিষয়ে আদালতের আদেশ বাস্তবায়ন সংক্রান্ত আবেদন প্রসংগে।	০৩/০১/২৩	২৬/০১/২৩	১৭ দিন	বাংলাদেশ ট্যাকসেস (১৭-২০তম গ্রেড) সরকারি কর্মচারী ইউনিয়ন, কেন্দ্রীয় কমিটি, ঢাকা
১১.	“খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের কর্মকর্তাদের চাকরি রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১/০৭/২০০৪ খ্রি. ২৫ত নিয়মিতকরণ প্রসংগে।	০৫/০১/২৩	২৬/০১/২৩	১৫ দিন	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১২.	আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত।	০৫/০১/২৩	০১/০২/২৩	১৯ দিন	অর্থ বিভাগ
১৩.	ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের টিওএসইভুক্ত নিয়মানুসারে সহকারী কাম মুদ্রাক্ষরিক (বর্তমান পদনাম অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) পদে কর্মরত কর্মচারীদের নিয়োগ/পদোন্নতির লক্ষ্যে নিয়োগ বিধিমালায় বর্ণিত পদনাম স্পষ্টিকরণ সংক্রান্ত।	১৬/০১/২৩	০৫/০২/২৩	১৪ দিন	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১৪.	সরকারি কর্মচারীদের গ্রেডভিত্তিক পরিচিতির সাথে পূর্বতন শ্রেণিভিত্তিক পরিচিতির সম্পর্ক স্পষ্টীকরণ।	২৩/০১/২৩	০৬/০২/২৩	১০ দিন	পরিসংখ্যান ও গবেষণা কোষ জনপ্রশাসন মন্ত্রণালয়
১৫.	জনবল নিয়োগ কমিটিতে প্রতিনিধি মনোনয়ন।	১৬/০১/২৩	০৮/০২/২৩	১৭ দিন	প্রশাসন-১ শাখা
১৬.	মূল পদ শূন্য না থাকায় পদ পরিবর্তনপূর্বক একই বেতনক্রম/বেতনগ্রেডের শূন্য পদে পদায়নের অনুমতি।	২২/০১/২৩	১৫/০২/২৩	১৮ দিন	সুরক্ষা সেবা বিভাগ
১৭.	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী'র জন্য প্রণীত প্রবিধানমালা (খসড়া) বিষয়ে মতামত প্রদান।	২৯/১২/২২	১৯/০২/২৩	৩৬ দিন	অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়
১৮.	৩য় ও ৪র্থ শ্রেণির পদে নিয়োগের ক্ষেত্রে আনসার/ভিডিপি কোটা নির্ধারণে প্রশিক্ষণ সনদ গ্রহণ সংক্রান্ত।	২৭/০২/২৩	০৯/০৩/২৩	০৭ দিন	খাদ্য মন্ত্রণালয়
১৯.	টেলিযোগাযোগ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী পদে নিয়মিতকরণ/পদোন্নতি প্রদানের নিমিত্ত বিটিসিএল এর মাধ্যমে ০৯/০৫/২০১৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে মতামত প্রদান।	২০/০২/২৩	১১/০৩/২৩	১২ দিন	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২০.	জনাব মো: ওমর ফারুক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন ১২৯৯৩/২০১৯ নং মামলা সরকার পক্ষে পরিচালনার জন্য সংশ্লিষ্ট অংশের দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।	১৭/০১/২৩	১১/০৩/২৩	৩৬ দিন	আইন-৪ শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়
২১.	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯'-এ 'ডাটা এন্ট্রি অপারেটর এবং 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর' পদের অবস্থান স্পষ্টীকরণ	০২/০২/২৩	১২/০৩/২৩	২৪ দিন	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

e

২৬.	পলায়ন (Desertion) এর অভিযোগে চাকরি থেকে অপসারণকৃত অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক এর ০১টি এবং পরিসংখ্যান সহকারী এর ০১টি সহ মোট ০২টি শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।	০২/০২/২৩	১৩/০৩/২৩	২৫দিন	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২৭.	জনাব মো: নূর নবীসহ ১৯ (উনিশ) জন কর্তৃক দায়েরকৃত ৪১৯৪/২০১৮ নং রিট পিটিশন মামলার দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।	০২/০২/২৩	১৩/০৩/২৩	২৭দিন	আইন-৩ শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়
২৪.	এনজিও বিষয়ক ব্যুরোর বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর গ্রেড-১৩ (বেতনক্রম ১১০০০-২৬৫৯০) অনুযায়ী সরাসরি নিয়োগ যোগ্যতা নির্ধারণ।	২০/০২/২৩	২১/৩/২৩	১৯দিন	এনজিও বিষয়ক ব্যুরো
২৫.	বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট (বিনা)'র বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মো: ফরহাদ হোসেন কে বিনা'র রাজস্বখাতে আত্মীকরণ সংক্রান্ত।	২০/০২/২৩	২১/০৩/২৩	১১দিন	কৃষি মন্ত্রণালয়
২৬.	কার্যতালিকা (Allocation of Business) সংশোধনের বিষয়ে মতামত প্রদান।	১৭/০২/২৩	২১/০৩/২৩	৪৩দিন	বাণিজ্য মন্ত্রণালয়
২৭.	জনাব মাসুদা খানম, প্রধান সহকারী (অবসরপ্রাপ্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সিগঞ্জ জেলা, মুন্সিগঞ্জ এর অনুকূলে পেনশন অনুমোদনের আবেদন।	১৬/০২/২৩	২৭/০৩/২৩	৪৭দিন	স্থানীয় সরকার বিভাগ
২৮.	১৩তম গ্রেডের সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও কম্পিউটার অপারেটর পদের নিয়োগ কোটা পদ্ধতিতে না-কি মেথার ভিত্তিতে হবে সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ প্রসঙ্গে।	০২/০৩/২৩	২৭/০৩/২৩	১৫দিন	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২৯.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামডুস্ত সরকারি কলেজের প্রদর্শক পদটি ৩য় শ্রেণির পদ হওয়ার পরও বেতন গ্রেড উন্নীত না করে কিভাবে ১০ম গ্রেড প্রদান করা হয়েছে সে বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।	২৩/০২/২৩	২৭/০৩/২৩	৪২দিন	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩০.	জনাব মো: আলী হোসেন ও অন্যান্য কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১৪৫৭৭/২০২২ এর জবাব প্রেরণ সংক্রান্ত।	১২/০২/২৩	২৮/০৩/২৩	২৯দিন	আইন-১ শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়
				মোট কার্যদিবস-৬৫২	
				গড় কার্যদিবস-২১.৭৩	

২

নিয়োগবিধি/প্রবিধানমালা প্রণয়ন/সংশোধন সংক্রান্ত মতামতের বিস্তারিত বিবরণ।

ক্র.নং	বিষয়	সভার তারিখ	মতামত প্রদানের তারিখ	মোট কার্যদিবস	মন্ত্রণালয়/বিভাগ
১.	"সরকারি কর্মচারী হাসপাতালের কর্মচারী নিয়োগ বিধিমালা" প্রণয়নের বিষয়ে গত ২০/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভার কার্যবিবরণী।	২০/১১/২২	২৯/০১/২৩	৪৯দিন	কল্যাণ শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়
২.	কর্ম কমিশন কর্তৃক নিয়োগের সুশাসিতব্যয় বিত্তি মন্ত্রণালয় বিভাগের উপসহকারী প্রকৌশলী (সিভিল) (১০ম গ্রেড) পদসমূহের জন্য একটি অভিন্ন নীতিমালা প্রণয়ন।	১৪/০২/২৩	০১/০৩/২৩	১০দিন	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
				মোট কার্যদিবস-৫৯	
				গড় কার্যদিবস-২৯.৫	

@

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-২ শাখা হতে জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সালের (জানুয়ারি-মার্চ/২০২৩ মাসের) ৩য় প্রান্তিকের অগ্রগতি ও প্রমাণক প্রেরণ।

সূত্র: ০৫.০০.০০০০.১৭৩.১৬.০০৫.২১.৫২/১ ৩০ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-২ শাখা হতে জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ (জানুয়ারি-মার্চ/২০২৩) এর ৩য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩.২.১ বিধিগত মতামত ও নিয়োগবিধি/প্রবিধানমালা প্রণয়ন:

ক্র. নং	কার্যক্রমের নাম	মতামতের সংখ্যা	মোট কার্যদিবস	গড় কার্যদিবস	সিটিজেন চার্টারে প্রস্তাব নিষ্পত্তির লক্ষ্যমাত্রা (কার্যদিবস)	মন্তব্য
১.	বিধিগত মতামত	১১	১২১	১১	২০	বিধিগত মতামত ও নিয়োগবিধি/প্রবিধানমালা প্রণয়নের জন্য আগত প্রস্তাবগুলো শেনীবিদ্যাসপূর্বক তালিকা করে দ্রুত নিষ্পত্ত করা হচ্ছে। এ শাখায় দীর্ঘ মেয়াদী কোন পেডিং নাই।
	নিয়োগবিধি/প্রবিধানমালা প্রণয়ন ও সংশোধন	১	৯	৯	৬০	

Rehman

৩-৪-২০২৩

উপসচিব
বিধি-৪ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়

মো: মনিউর রহমান তালুকদার

উপসচিব

ফোন: ৫৫১০০৯২১

ইমেইল: reg2@mopa.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ০৫.০০.০০০০.১৭১.৯৯.০০১.১৯.৭২

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

বিধি-২ শাখা

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে (জানুয়ারি-মার্চ) ২০২৩ যে সকল বিষয়ের উপর মতামত প্রদান করা হয়েছে তার পরিসংখ্যান

[১.১৫.১] বিদ্যমান বিধি-বিধানের উপর মতামত

ক্রঃ নং	বিষয়	পত্র প্রাপ্তির তারিখ/সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	মতামত প্রদানের তারিখ	মোট কার্যদিবস	মন্ত্রণালয়/বিভাগের নাম
১.	"মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১" অনুযায়ী ১০ম গ্রেডভুক্ত 'সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার', 'প্রশাসনিক কর্মকর্তা' ও 'হিসাবরক্ষণ কর্মকর্তা' পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা সংক্রান্ত মতামত।	০৭.১২.২০২২	০২.০১.২০২৩	১৮	মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
২.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তরের ২০১২ সালে নিয়োগপ্রাপ্ত পরিদর্শকদের জ্যেষ্ঠতা তালিকা সংক্রান্ত মতামত।	২৮.১২.২০২২	০৩.০১.২০২৩	৫	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩.	মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র (এমআইএসটি) ১০ম গ্রেডের উপসহকারী প্রকৌশলী পদসহ মোট ০৭(সাত)টি ক্যাটাগরির জ্যেষ্ঠতা সংক্রান্ত মতামত।	০২.০১.২০২৩	১৭.০১.২০২৩	১২	প্রতিরক্ষা মন্ত্রণালয়
৪.	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান পদসমূহের পদনাম পরিবর্তনের বিষয়ে মতামত।	০২.০২.২০২৩	০৭.০২.২০২৩	৪	জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্য) অনুবিভাগ
৫.	শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডি) এর ৩য় শ্রেণির গ্রাহাগারিক পদে কর্মরত জনাব মোঃ খোরশেদুল আলমকে ২য় শ্রেণির গ্রাহাগারিক পদমর্যাদা ও বেতনস্কেল উন্নীতকরণের বিষয়ে মতামত।	০২.০২.২০২৩	০৭.০২.২০২৩	৪	জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্য) অনুবিভাগ
৬.	বাণিজ্য মন্ত্রণালয় হতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত গেজেট সংশোধন ও স্বীকৃতির বিষয়ে মতামত	১২.০১.২০২৩	০৭.০২.২০২৩	১৯	বাণিজ্য মন্ত্রণালয়
৭.	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের প্রধান বয়লার পরিদর্শক এর পদ গ্রেড-৫ হতে গ্রেড-৩ এবং উপপ্রধান বয়লার	১৯.০২.২০২৩	২৮.০২.২০২৩	৭	জনপ্রশাসন মন্ত্রণালয়

	পরিদর্শক এর পদ গ্রেড-৬ হতে গ্রেড-৫ এ উন্নীতকরণের বিষয়ে মতামত।				(সওব্যা) অনুবিভাগ
৮.	কৃষি মন্ত্রণালয়ের বীজ অনুবিভাগের জন্য অস্থায়ীভাবে সৃষ্ট 'শাখা সহকারী' ও 'সীটলিপিকার' পদের নাম পরিবর্তনের বিষয়ে মতামত।	১৪.০২.২০২৩	২৩.০২.২০২৩	৭	জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্যা) অনুবিভাগ
৯.	মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা নির্ধারণ বিষয়ে মতামত।	৩০.০১.২০২৩	১৩.০৩.২০২৩	২৯	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১০.	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) এর সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত কতিপয় পদসমূহের পদনাম পরিবর্তনের বিষয়ে মতামত।	০২.০৩.২০২৩	১৪.০৩.২০২৩	৮	জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্যা) অনুবিভাগ
১১.	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উচ্চমান সহকারী পদকে সচিবালয়ের ন্যায় প্রশাসনিক কর্মকর্তা পদনামে পরিবর্তন ও বেতনকেল উন্নীতকরণ	১৩.০৩.২০২৩	২২.০৩.২০২৩	৮	জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্যা) অনুবিভাগ
			মোট কার্য দিবস	১২১	
			গড় কার্য দিবস	১১	

বিষি-২ শাখা

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে (জানুয়ারি-মার্চ) বিষি প্রণয়ন ও বিষি সংশোধনের উপর মতামত প্রদান করা হয়েছে তার পরিসংখ্যান

[১.১৫.১] বিষি প্রণয়ন ও বিষি সংশোধনের উপর মতামত

ক্রঃ নং	বিষয়	পত্র প্রাপ্তির তারিখ/সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	মতামত প্রদানের তারিখ	মোট কার্যদিবস	মন্ত্রণালয়/বিভাগের নাম
১.	"বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২২	০২.০২.২০২৩	১৪.০২.২০২৩	৯	কৃষি মন্ত্রণালয়
			মোট কার্য	৯	
	দিবস		গড় কার্য	৯	
	দিবস				

